



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd



২৬ পৌষ ১৪২৮
১০ জানুয়ারি ২০২২

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৫.৩৯.০১০.২১.৭২

তারিখ: ২৬ পৌষ ১৪২৮
১০ জানুয়ারি ২০২২

উচ্চশিক্ষাত্তরে মৌলিক ও অনুবাদ গ্রন্থ প্রকাশের জন্য পার্শ্বলিপি আহ্বান

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন উচ্চশিক্ষাত্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশ করে আসছে। প্রতিবছরের ন্যায় এবছরও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, অবসরপ্রাপ্ত শিক্ষক, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, গবেষণাপ্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক/গবেষক, কমিশন কর্তৃপক্ষ ও কর্মকর্তাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে পার্শ্বলিপি আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি:

১. ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা, ২০২০ অনুযায়ী নির্বাচিত লেখককে প্রকাশিত পুস্তকের জন্য এককালীন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা সম্মানী প্রদান করা হবে।
২. বাংলায় সর্বোচ্চ ১২ ফন্ট ও ইংরেজিতে সর্বোচ্চ ১০ ফন্ট কম্পিউটার কম্পোজ করে ০৪ (চার) কপি পার্শ্বলিপি A4 সাইজের কাগজে স্পাইরেল অথবা খোলা বাঁধাইপূর্বক কমিশনে দাখিল করতে হবে।
৩. পার্শ্বলিপি ১/১৬ ডবল ডিমাই বা ১/৮ ডবল ডিমাই/ক্রাউন সাইজে সিঙ্গেল লাইন স্পেসে ফরমেটিং করে পেনড্রাইভ/সিডিতে কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনে দাখিল করতে হবে।
৪. নির্বাচিত পার্শ্বলিপি সাধারণভাবে ১/১৬ ডবল ডিমাই সাইজে ৩০০ পৃষ্ঠা বা ১/৮ ডবল ডিমাই/ক্রাউন সাইজের ক্ষেত্রে ২৫০ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে এ ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৫. লেখক কর্তৃক পার্শ্বলিপির মৌলিকত্বের ঘোষণাপত্র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।
৬. বাংলা ও ইংরেজি উভয় ভাষায় পার্শ্বলিপি প্রণয়ন করা যাবে। পার্শ্বলিপি পুস্তক প্রকাশনা নীতিমালা অনুযায়ী নির্বাচন করা হবে। অন্য কোন প্রকাশক বা ব্যক্তি উদ্যোগে পূর্বে প্রকাশিত পুস্তক পুনঃমুদ্রণ বা পুনঃসংস্করণের জন্য গ্রহণ করা হবে না।
৭. পার্শ্বলিপির বানান রীতিতে প্রমিত নিয়ম অনুসরণ করতে হবে এবং বিশেষজ্ঞের মতামত নিয়ে পার্শ্বলিপি মুদ্রণ ও প্রকাশনা প্রক্রিয়া গ্রহণ করা হবে।
৮. প্রকাশিত বইয়ের স্নাতক ও স্নাতকোভর পর্যায়ের সংশ্লিষ্ট সিলেবাসের কত্তুকু অংশ অন্তর্ভুক্ত (Cover of Syllabus) এবং এক বা একাধিক কোর্সের মোট কত মানের উভয় সংবলিত হবে (Marks allotted to topics in the book) তা উল্লেখ থাকতে হবে।
৯. পার্শ্বলিপি ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচনের পর বিশেষজ্ঞ মতামতানুযায়ী যদি পার্শ্বলিপির বিষয়গত ও ভাষাগত মানোন্নয়নের আবশ্যিকতা দেখা দেয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট পার্শ্বলিপি প্রণেতার সঙ্গে কমিশনের পক্ষ থেকে যোগাযোগ করা হবে।
১০. সাধারণভাবে নির্বাচিত পার্শ্বলিপির প্রথম সংস্করণ ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) কপি প্রকাশ করা হবে। তবে চাহিদার পরিপ্রেক্ষিতে কত কপি পুস্তক প্রকাশ করা যাবে তার সংখ্যা কমিশন কর্তৃপক্ষ নির্ধারণ করবেন।
১১. ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত পার্শ্বলিপি সংশ্লিষ্ট বিষয়ের এক বা একাধিক বিশেষজ্ঞ দ্বারা মূল্যায়ন এবং আনুষঙ্গিক সম্পাদনার কাজ শেষ করে চূড়ান্ত পর্যায়ে পার্শ্বলিপি পুস্তক আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. পার্শ্বলিপি পুস্তক আকারে মুদ্রণ করার পূর্বে নন-জুডিসিয়াল স্ট্যাম্পে লেখক কমিশনের সঙ্গে 'সমরোতা স্মারক' সম্পাদন করবেন।
১৩. অনুবাদ গ্রন্থ প্রকাশ কারার ক্ষেত্রে উদ্যোগী ব্যক্তি হলে ব্যক্তি এবং প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠান কর্তৃক লেখক ও প্রকাশকের (যিনি মূল কপি রাইটের অধিকারী তার নিকট হতে) অনুমতিপ্রাপ্ত সংগ্রহ করে তা আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।
- কমিশনের মাধ্যমে বই প্রকাশে আগ্রহী লেখকগণকে আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে ৪ (চার) কপি পার্শ্বলিপি কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের পরিচালক বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

মোঃ শাহীন সিরাজ

সদস্য-সচিব, ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি

ও

উপপরিচালক

রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন

ফোন: ০২-৫৮১৬০২৪৫

ই-মেইল- shahin@ugc.gov.bd